

ইনোভেশন টিম কী?

জনগণের দোর গোড়ায় সরকারি সেবা নিশ্চিত করা, সেবার মান বৃদ্ধি এবং সেবাকে অধিকতর জনবান্ধব করার জন্য সরকার দৃঢ় প্রতিজ্ঞ। জনপ্রশাসনে কাজের গতিশীলতা এবং উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা দ্রুত ও সহজিকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে সরকার প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগ, প্রতিটি অধিদপ্তর/সংস্থা, জেলা এবং উপজেলা পর্যায়ে একটি করে ইনোভেশন টিম গঠনের সিদ্ধান্ত গ্রহণ করে। মন্ত্রিপরিষদ বিভাগ থেকে এ সংক্রান্ত একটি প্রজ্ঞাপন ৮.৪.২০১৩ তারিখ জারি করা হয়, যা পরবর্তিতে গেজেটে প্রকাশিত হয়। মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে ইনোভেশন টিমের নেতৃত্ব প্রদান করছেন অতিরিক্ত সচিব/যুগ্মসচিব পর্যায়ের কর্মকর্তা যারা চিফ ইনোভেশন অফিসার হিসাবে পরিচিত। অপরদিকে দপ্তর, জেলা ও উপজেলা পর্যায়ের ইনোভেশন টিমের নেতৃত্ব প্রদান করছেন ইনোভেশন অফিসার। ইনোভেশন টিমের সদস্য সংখ্যা ৫-৬ জন। সে অনুযায়ী সমগ্র বাংলাদেশে প্রায় ১০০০ ইনোভেশন টিম গঠিত হয়েছে, যেখানে পাঁচ সহশ্রাধিক কর্মকর্তা সংশ্লিষ্ট রয়েছেন।

ইনোভেশন টিম কেন?

ইনোভেশন টিম গঠনের মূল লক্ষ্য হচ্ছে-

- সরকারের প্রতিটি দপ্তরে সেবা প্রদান এবং অভ্যন্তরীণ কর্মপ্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনার লক্ষ্যে সৃজনশীল চর্চার সংস্কৃতি এবং ক্ষেত্র তৈরি করা;
- এরূপ সৃজনশীলতাকে সরকারের প্রতিটি পর্যায়ে প্রাতিষ্ঠানিকিকরণ;
- সরকারি কর্মকাণ্ডে সৃজনশীল উদ্যোগকে ক্রমাগত একটি নিয়মবদ্ধ বিষয় হিসাবে প্রতিষ্ঠা করা।

ইনোভেশন টিম কী কাজ করবে?

মন্ত্রিপরিষদ বিভাগ থেকে জারীকৃত প্রজ্ঞাপনে ইনোভেশন টিম এবং চিফ ইনোভেশন অফিসার/ইনোভেশন অফিসারের কার্যক্রম কার্যপরিধি সুনির্দিষ্টভাবে উল্লেখ করা হয়েছে। এ কার্যপরিধি অনুযায়ী ইনোভেশন টিমের কার্যক্রম প্রধানত: নিম্নরূপ-

- পরিবর্তনের রূপকার হিসাবে সরকারি কাজকর্মে উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ ও নেতৃত্ব প্রদান করা;
- সেবা প্রদান পদ্ধতি সহজিকরণ করা;
- ই-সেবা সম্প্রসারণে সক্রিয় ভূমিকা রাখা;
- আইসিটি বিষয়ক জাতীয় নীতিমালা ও কৌশল বাস্তবায়ন; এবং
- নিজ অধিক্ষেত্রে উদ্ভাবন ও আইসিটি বিষয়ক কার্যক্রমে প্রতিনিধিত্ব করা।

ইনোভেশন টিমের দক্ষতা বৃদ্ধি

ইনোভেশন টিমের সদস্য এবং চিফ/ইনোভেশন অফিসারগণের উপযুক্ত দায়িত্ব ও কার্যাবলীর আলোকে এ বিষয়ে প্রয়োজনীয় দক্ষতা বৃদ্ধিমূলক দীর্ঘ মেয়াদি কর্মসূচি গ্রহণের নিমিত্ত একসেস টু ইনফরমেশন প্রোগ্রামের অর্থায়নে বাংলাদেশ লোকপ্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক প্রশিক্ষণ চাহিদা নিরূপণ সংক্রান্ত একটি গবেষণা কার্যক্রম সম্পন্ন হয়েছে। সে অনুযায়ী সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ, দপ্তর, সংস্থা নিজ নিজ ইনোভেশন টিমের দক্ষতা বৃদ্ধিমূলক কার্যক্রম গ্রহণ করবে। মন্ত্রিপরিষদ বিভাগ প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন প্রোগ্রামের সাথে যৌথভাবে সরকারি কর্মকর্তাগণের দক্ষতা বৃদ্ধিমূলক কর্মসূচি পরিচালনা করছে এবং এর অংশ হিসাবে কর্মকর্তাগণের সরাসরি নেতৃত্বে নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক পাইলট প্রকল্প গ্রহণ করছে। ইনোভেশন টিমের দক্ষতা বৃদ্ধিমূলক অধিকতর তথ্য কিংবা সহায়তার প্রয়োজন হলে মন্ত্রিপরিষদ বিভাগের সমন্বয় ও সংস্কার ইউনিট অথবা একসেস টু ইনফরমেশন প্রোগ্রামের সাথে যোগাযোগ করা যেতে পারে।